

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৫০০

মোহনপুর, ২০ জানুয়ারি, ২০২৫

পিএম-সূর্যঘর মুফত বিজলি যোজনা : মোহনপুরে নাম নথিভুক্তকরণ শিবির  
রাজ্য সৌরশক্তির সাহায্যে বিদ্যুৎ উৎপাদনের  
উপর গুরুত্ব আরোপ করা হচ্ছে : বিদ্যুৎমন্ত্রী



পিএম-সূর্যঘর মুফত বিজলি যোজনায় আজ মোহনপুর পুরপরিষদ কার্যালয় প্রাঙ্গণে এক নাম নথিভুক্তকরণ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ। ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের উদ্যোগে এই শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করে বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেন, আধুনিক বিশ্বে বিদ্যুতের কোনও বিকল্প নেই। বিদ্যুৎ ছাড়া আমরা এক মিনিটও চলতে পারবো না। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশে বিদ্যুৎ পরিষেবা সম্প্রসারণে সৌরবিদ্যুৎ প্রকল্পের উপর সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছেন। বিদ্যুৎমন্ত্রী বলেন, রাজ্য সৌরশক্তির সাহায্যে বিদ্যুৎ উৎপাদনের উপর গুরুত্ব আরোপ করা হচ্ছে। সৌরশক্তি থেকে সবচেয়ে বেশি বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব। বিদ্যুতের যত উৎস শক্তি রয়েছে তারমধ্যে সৌরশক্তিই হচ্ছে অন্যতম মাধ্যম।

অনুষ্ঠানে বিদ্যুৎমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী চান প্রতিটি বাড়ি নিজস্ব বিদ্যুৎ উৎপাদনে স্বনির্ভর হয়ে উঠুক। পিএম-সূর্যঘর মুফত বিজলি যোজনায় ১ কিলোওয়াট সোলার পয়েন্ট বসালে ৬৫ হাজার টাকা থেকে ৭৫ হাজার টাকা ব্যয় হবে। সরকার থেকে এই প্রকল্পে সুবিধাভোগীদের ৩৩ হাজার টাকা পর্যন্ত ভর্তুকি দেওয়া হবে। তাছাড়া ২ কিলোওয়াটের জন্য ৬৬ হাজার টাকা ও ৩ কিলোওয়াটের জন্য ৮৫ হাজার ৮০০ টাকা ভর্তুকি দেওয়া হবে। তিনি বলেন, এই যোজনায় যেমন নিজের বাড়িতে বিদ্যুৎ উৎপাদন করা যাবে, তেমনি রোজগারেরও সুযোগ পাওয়া যাবে।

পিএম-সূর্যঘর মুফত বিজলি যোজনায় নাম নথিভুক্তকরণ শিবিরে আজ সুবিধাভোগীদের কাছ থেকে আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব, মোহনপুর পুরপরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ, ভাইস চেয়ারপার্সন শংকর দেব, বিদ্যুৎ নিগমের ডিজিএম শিরিস দেববর্মা, ডিজিএম সুজাতা সরকার, ডিজিএম খোকন দেববর্মা প্রমুখ।

\*\*\*\*\*